

প্রিয় পিতামাতা,

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুল সমূহে কার্যকর ডিপার্টমেন্ট অব এডুকেশনের ইমারজেন্সি রেডিনেস ইনিশিয়েটিভ (জরুরি অবস্থায় প্রস্তুত থাকা) সম্পর্কে তথ্য প্রদানের জন্য আমি এই চিঠি দিচ্ছি।

বর্তমানে প্রতিটি স্কুলে জরুরি অবস্থায় অনুসরণীয় নিয়ম চালু আছে। স্কুলসমূহে জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য নিরাপত্তা পরিকল্পনা তৈরি বাধ্যতামূলক করার লক্ষ্যে ২০০০ সালে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইন, সেকশন ২৮০১ জারি করা হয়েছিল। এই পরিকল্পনায় অপসারণ ও আশ্রয় প্রদান প্রক্রিয়ার তথ্য অন্তর্ভুক্ত করার জন্য আইনটিকে সংশোধিত করা হয়েছিল জুলাই ২০০১ সালে। সে আইনের সাথে সামঞ্জস্য রেখে “জরুরি পরিস্থিতি মোকাবেলার পর্যাপ্ত প্রস্তুতি আছে কি না তা যাচাই করার জন্য স্কুলগুলোকে ড্রিল ও অন্যান্য অনুশীলনীর ব্যবস্থা করতে হবে।”

স্কুল-কর্মচারীগণ স্কুল সুরক্ষা পরিকল্পনায় দেওয়া রূপরেখা অনুযায়ী বিভিন্ন পদ্ধতিতে প্রশিক্ষিত এবং বর্তমানে আমরা সারা স্কুল বছরব্যাপী আমাদের কর্মচারী এবং শিক্ষার্থীদের প্রস্তুতির জন্য নানাধরনের ড্রিল পরিচালনা করে থাকি। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইনের সেকশন ৮০৭ অনুযায়ী প্রতিটি স্কুলকে বছরে ন্যূনতম ১২টি ইমারজেন্সি ড্রিল পরিচালনা করতে হবে। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইনের সেকশন ৯১৭ অনুযায়ী স্কুলগুলোকে অটোমেটেড এক্সটার্নেল ডিফাইব্রিলেটর (এইডি) যন্ত্র প্রদান ও রক্ষণাবেক্ষণ করা এবং সারা বছর যেসব ড্রিল করা হবে, সেগুলোতে এসব এইডি ইউনিট-এর ব্যবহারের প্রস্তুতির বিষয়টিও মূল্যায়ন করতে হবে। স্টেট এডুকেশন আইনের সেকশন ৩৬২৩ অনুযায়ী স্কুলগুলোতে যে ড্রিল করা হবে, সেসব ড্রিল-এর সময় স্কুল বাসে নিরাপত্তার ব্যাপারেও মনোযোগ দিতে হবে।

এসব ড্রিল আয়োজন করা ছাড়াও আমাদের স্কুলের একটি বিন্ডিং রেসপন্স টিম রয়েছে যেটি আমাদের স্কুলে সংঘটিত বিভিন্ন ধরনের ঘটনা ঘটলেই সাথে সাথে সাড়া দেওয়ার জন্য প্রশিক্ষিত। নতুন জেনারেল রেসপন্স প্রটোকল (জিআরপি) অনুযায়ী, সকল স্কুল কমিউনিটিকে জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত করায় সহযোগিতা করার জন্য তৈরি মহড়ায় অংশগ্রহণ করতে হবে যাতে তারা নিচের তিনটি ভিন্ন ধরনের সম্ভাব্য জরুরি পরিস্থিতি মোকাবেলা করতে পারে: অপসারণ, আশ্রয় গ্রহণ এবং হেফাজতে রাখা। আমাদের আমাদের স্কুলে পিতামাতাদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য আমাদের স্কুলভিত্তিক ইমারজেন্সি রেডিনেস (জরুরি অবস্থায় প্রস্তুত থাকা) কর্মসূচিতে পিতামাতাদের অংশগ্রহণের সুযোগ রয়েছে। স্কুল নিরাপত্তা পরিকল্পনার পিতামাতা সংস্করণ অনুরোধ সাপেক্ষে মেইন অফিসে এবং জিআরপি-এর ব্যাখ্যা সম্পর্কে বিস্তারিত তথ্য এই চিঠির সাথে সংযুক্ত রয়েছে। পরিবারসমূহের জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য <http://schools.nyc.gov/Offices/OSYD/default.htm> এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

স্কুলগুলোতে জরুরি প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হয় সেপ্টেম্বর মাসে এবং তা কর্মচারী এবং শিক্ষার্থীদের জন্য স্কুল বছরব্যাপী চলতে থাকবে। শিক্ষার্থী প্রশিক্ষণ হয় গ্রেড উপযোগী এবং তা এমনভাবে তৈরি করা হয় যাতে নিশ্চিত হওয়া যায় যে শিক্ষার্থীরা অযথা সতর্ক সংকেতে ভীত না হয়ে এসব ড্রিল-এর গুরুত্ব অনুধাবন করতে পারে। অনুগ্রহ করে সকল শিক্ষার্থীকে দেওয়া জেনারেল রেসপন্স প্রটোকল (সাধারণ প্রতিবিধান নিয়ম) পর্যালোচনা করবেন এবং এসব প্রক্রিয়া সম্পর্কে সন্তানের সাথে কথা বলবেন।

সকল পরিবারকে মেইন অফিসের ফাইলে রক্ষিত জরুরি যোগাযোগের (ইমারজেন্সি কন্ট্যাক্ট) কার্ড হালনাগাদ করতে স্বরণ করিয়ে দেওয়া হচ্ছে। এর মধ্যে রয়েছে ফোন নম্বর এবং বয়স্কদের মধ্যে কার কার কাছে স্কুল জরুরি পরিস্থিতিতে সন্তানকে যেতে দিতে পারে, সেসব ব্যক্তিদের নাম। পরিবারসমূহকে জরুরি পরিস্থিতির সময় তথ্য লাভের জন্য ‘নোটিফাই এনওয়াইসি’ (<https://a858-nycnotify.nyc.gov/notifynyc/>)-এর সাথে নাম তালিকাভুক্ত করতে এবং বাড়তি তথ্যের জন্য ৩১১ নম্বরে ফোন করতে উত্সাহিত করা হচ্ছে।

আপনার বিশ্বস্ত,

প্রিন্সিপ্যাল